

🖪 कोंिकल | Al-Kafirun | ٱلْكَافِرُون

আয়াতঃ ১০৯ : ৩

💵 আরবি মূল আয়াত:

وَ لَا اَنتُم عُبِدُونَ مَا اَعبُدُ ﴿ ٣﴾

এবং আমি যার 'ইবাদাত করি তোমরা তার 'ইবাদাতকারী নও'। — আল-বায়ান আর আমি যার 'ইবাদাত করি তোমরা তার 'ইবাদাতকারী নও, — তাইসিরুল এবং তোমরাও তাঁর ইবাদাতকারী নও যাঁর ইবাদাত আমি করি, — মুজিবুর রহমান Nor are you worshippers of what I worship. — Sahih International

৩. এবং তোমরাও তার ইবাদতকারী নও যার ইবাদত আমি করি(১),

(১) এ সুরায় কয়েকটি বাক্য পুনঃপুনঃ উল্লিখিত হওয়ায় স্বভাবত প্রশ্ন দেখা দিতে পারে। এ ধরনের আপত্তি দূর করার জন্যে বুখারী অনেক তাফসীরবিদ থেকে বর্ণনা করেছেন। যে, একই বাক্য একবার বর্তমানকালের জন্যে এবং একবার ভবিষ্যৎকালের জন্যে উল্লেখ করা হয়েছে। [ফাতহুল বারী] অর্থাৎ আমি এক্ষণে কার্যত তোমাদের উপাস্যদের ইবাদত করি না এবং তোমরা আমার উপাস্যের ইবাদত কর না এবং ভবিষ্যতেও এরূপ হতে পারে না। ইমাম তাবারীও এ মতটি বর্ণনা করেছেন। ইবনে কাসীর এখানে অন্য একটি তাফসীর অবলম্বন করেছেন। তিনি প্রথম জায়গায় আয়াতের অর্থ করেছেন এই যে, তোমরা যেসব উপাস্যের ইবাদত কর, আমি তাদের ইবাদত করি না এবং আমি যে উপাস্যের ইবাদত করি তোমরা তার ইবাদত করা না। আর দ্বিতীয় জায়গায় আয়াতের অর্থ করেছেন এই যে, আমার ও তোমাদের ইবাদতের পদ্ধতি ভিন্ন ভিন্ন। আমি তোমাদের মত ইবাদত করতে পারি না এবং বিশ্বাস স্থাপন না করা পর্যন্ত তোমরাও আমার মত ইবাদত করতে পার না। এভাবে প্রথম জায়গায় উপাস্যদের বিভিন্নতা এবং দ্বিতীয় জায়গায় ইবাদত পদ্ধতির বিভিন্নতা বিধৃত হয়েছে। [ইবন কাসীর] সারকথা এই যে, তোমাদের মধ্যে ও আমার মধ্যে উপাস্যের ক্ষেত্রেও অভিন্নতা নেই এবং ইবাদত-পদ্ধতির ক্ষেত্রেও নেই। এভাবে পুনঃপুনঃ উল্লেখের আপত্তি দূর হয়ে যায়। রাস্লুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম ও মুসলিমদের ইবাদতপদ্ধতি তাই; যা আল্লাহ তা'আলার পক্ষ থেকে ওহীর মাধ্যমে বলে দেয়া হয়েছে। আর মুশরিকদের ইবাদত পদ্ধতি স্বাকল্পিত। ইবনে-কাসীর এই তাফসীরের পক্ষে বক্তব্য রাখতে গিয়ে বলেন, 'লা ইলাহা ইল্লাল্লাহু মুহাম্মাদুর রাসূলুল্লাহ' কলেমার অর্থ তাই হয় যে, আল্লাহ ছাড়া কোন হক্ক উপাস্য নেই। ইবাদত-পদ্ধতি তা-ই গ্রহণযোগ্য, যা মুহাম্মদ রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম-এর মাধ্যমে আমাদের কাছে পৌছেছে। কোন কোন অভিজ্ঞ আলেম বলেন, ২ নং আয়াতের অর্থ, আমি তোমাদের উপাস্যদের ইবাদত কখনো করবো না।



পক্ষান্তরে দ্বিতীয় আয়াতের অর্থ, আমি এ ইবাদতটা কখনো, কিছুতেই গ্রহণ করবো না। অর্থাৎ তোমাদের উপাস্যদের ইবাদত করা আমার দ্বারা কখনো ঘটবে না। অনুরূপভাবে তা শরীয়তেও এটা হওয়া সম্ভব নয়। [মাজমূ' ফাতাওয়া শাইখিল ইসলাম ইবন তাইমিয়্যাহ, ১৬/৫৪৭-৫৬৭; ইবন কাসীর]

এর আরেকটি তাফসীরও হতে পারে। আর তা হলো, প্রথমত ২নং আয়াত (وَلاَ أَعْبُدُ مَا تَعْبُدُونَ مَا تَعْبُدُونَ مَا تَعْبُدُونَ مَا بَعْبُدُونَ مَا تَعْبُدُونَ مَا تَعْبُدُونَ مَا بَعْبُدُونَ مَا بَعْبُدُونَ مَا تَعْبُدُ أَنْتُمْ عَابِدُونَ مَا تَعْبُدُ أَنْتُمْ عَابِدُونَ مَا تَعْبُدُ أَعْبُدُ وَلَا أَنْتُمْ عَابِدُ مَا عَبَدْتُمْ) অর্থাৎ তেমরাও বর্তমানে ও ভূবিষ্যতে ইবাদতকারী নও। আর দ্বিতীয় ক্ষেত্রে চতুর্থ আয়াতে বলা হয়েছে, (مُلَا أَنْ عَابِدُ مَا عَبَدْتُمْ) অর্থাৎ অতীতে আমার পক্ষ থেকে এরপ কিছু ঘটেনি। অতীত বোঝানোর জন্য عَبَدْتُمْ عَابِدُونَ مَا أَعْبُدُ مَا عَبُدُتُمْ الله আতীতকালীন ক্রিয়া ব্যবহৃত হয়েছে। আর এর পরে এসেছে, (عَبُدُ مَا عَبِدُونَ مَا أَعْبُدُ عَابِدُونَ مَا أَعْبُدُ وَالله عَالِمُ وَالله আতীতে তার ইবাদত করতে না, যার ইবাদত আমি সবসময় করি। ইবনুল কায়্যিম এ মতটি গ্রহণ করেছেন। [বাদায়ি'উল ফাওয়ায়িদ, ১/১২৩–১৫২]

তাফসীরে জাকারিয়া

৩। এবং তোমরাও তাঁর ইবাদতকারী নও, যাঁর ইবাদত আমি করি।

তাফসীরে আহসানূল বায়ান

• Source — https://www.hadithbd.com/quran/link/?id=6210

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন